**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 01.09.2026** **Desk in Charge : SDG**
**Time: 7-35 AM** **Edit & Compile : DSS**
**DEO: KB** **NRT : DSS**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ রাজ্যে সাংবাদিকদের জন্য পেনশন যোজনা এবং মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় সাংবাদিকদের অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির সূচনা করবেন । **#** যে কোনো বিপর্যয়ে দ্রুত উদ্ধার কাজ সম্পূর্ণ করতে রাজ্য স্তরে 'অর্জুন বাহিনীর'-রও আজ সূচনা করবেন তিনি।

২/ সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিল মামলায় শিক্ষক নিয়োগের সময়সীমা আগামী বছর ৩১শে মে পর্যন্ত বৃদ্ধি করেছে।

৩/ অচল হয়ে পড়ে থাকা বেহালা বিমানবন্দর পুনরায় চালু করার লক্ষ্যে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন।

৪/ সাধারণ মানুষের কাছে কম দামে পেঁয়াজ পৌঁছে দিতে ৫০ টি ভ্রাম্যমান গাড়িতে ৩৫ টাকা কিলো দরে তা' বিক্রি শুরু করেছে কৃষি বিপণন দপ্তর। **#**চিনির কালোবাজারি রুখতে কলকাতা ও জেলার বাজারে চলছে টাস্ক ফোর্সের অভিযান।

৫/ উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ'ও বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। **#**পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টি হবে।

*************************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ রাজ্যে সাংবাদিকদের জন্য পেনশন যোজনা এবং মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় সাংবাদিকদের অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির সূচনা করবেন। নবান্ন সভাঘরে সকাল ১১ টা নাগাদ এই অনুষ্ঠান হওয়ার কথা। ওই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পেনশন প্রকল্প এবং স্বাস্থ্য বীমা যোজনায় সুবিধাভোগী সাংবাদিকদের সঙ্গে মত বিনিময় করবেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত ওই অনুষ্ঠানে কয়েকজন সাংবাদিকের হাতে তিনি এই দুই প্রকল্পের কার্দ তুলে দেবেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, রাজ্যের সমস্ত যোগ্য ও আগ্রহী সাংবাদিকরা এই বীমা যোজনার আওতায় আসবেন। অন্যদিকে অবসরপ্রাপ্ত সাংবাদিকরা, পেনশন প্রকল্পের অন্তর্ভুক্ত হবেন।

******************************

যে কোনো ধরনের বিপর্যয়ে দ্রুত উদ্ধার কাজ সম্পূর্ণ করতে রাজ্য সরকার বিশেষ প্রশিক্ষিত বাহিনী চালু করতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্ন সংলগ্ন সভাঘর থেকে বিপর্যয় ব্যবস্থাপনা ও অসামরিক প্রতিরক্ষা দপ্তরের উদ্যোগে অর্জুন বাহিনী নামে রাজ্যস্তরে এই স্কোয়াড এর সূচনা করবেন ।

******************************

সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিল মামলায় শিক্ষক নিয়োগের সময়সীমা আগামী বছর ৩১শে মে পর্যন্ত বৃদ্ধি করেছে। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সঞ্জীব সাচদেবার বেঞ্চ, নিয়োগ প্রক্রিয়া এখনো সম্পন্ন না হওয়ায় রাজ্যের সময়সীমা বৃদ্ধির এই আবেদন মঞ্জুর করেন। তবে শীর্ষ আদালত স্পষ্ট জানিয়ে দিয়েছে, এরপর আর কোনো সময় দেওয়া হবে না। এর আগে নতুন করে নিয়োগের জন্য ৩১শে অগাস্ট অর্থাৎ গতকাল পর্যন্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়েছিল।

উল্লেখ্য, নিয়োগে দুর্নীতির অভিযোগে স্কুল সার্ভিস কমিশনে SSC-র ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল বাতিল ক'রে সুপ্রিম কোর্ট। নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরুর নির্দেশ দেয়। শিক্ষা ক্ষেত্রে অচলাবস্থা তৈরীর আশঙ্কায় চিহ্নিত যোগ্য শিক্ষকদের, অন্তর্বর্তী সময়ের জন্য স্কুলে চাকরীর অনুমতি দেওয়া হয়েছিল।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, তাদের সরকার যোগ্য শিক্ষকদের চাকরীর মেয়াদ বৃদ্ধির পক্ষে। কিন্তু পূর্বতন সরকারের গাফিলতির কারণেই এই বিষয়টি এখনো ঘেঁটে রয়েছে।

( বাইট- সুকান্ত মজুমদার )

এদিকে, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমতি- STEA, শিক্ষক নিয়োগের জন্য সময়সীমা বৃদ্ধির সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছে। সংগঠনের সাধারণ সম্পাদক বাসুদেব দাস বলেছেন, এই মেয়াদ বৃদ্ধির রায়ে কর্মরত শিক্ষকরা সাময়িক স্বস্তি পেলেন। অন্যদিকে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, সমস্ত জটিলতা দূর করে SSC-র মাধ্যমে নিয়মিত নিয়োগ প্রক্রিয়া শুরুর দাবী জানিয়েছেন।

*******************************

রাজ্য সরকার মেধার সঙ্গে কোনোরকম আপস করবে না বলে উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন। তিনি বলেন, জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের বিকেন্দ্রীভূত কাউন্সেলিং- নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে কিছু আশঙ্কা তৈরি হয়েছিল। কিন্তু ইতমধ্যেই বোর্ডের তরফে সংশোধিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, যেসব ছাত্রছাত্রী কেন্দ্রীয়ভাবে অনলাইন কাউন্সেলিংয়ের মাধ্যমে কোন কলেজে ভর্তি হয়েছেন তারা ফের প্রতিষ্ঠান পরিবর্তনের সুযোগ পাবেন। একইসঙ্গে সরকার কলেজভিত্তিক ভর্তির নামে মেধা তালিকায় নাম না থাকা পড়ুয়াদের ভর্তিও নিয়ন্ত্রণে আনার ব্যাপারে সচেষ্ট হবে।

*******************************

দুটি ছাত্র সংগঠনের সংঘর্ষে উত্তপ্ত মালদা কলেজ। SFI ও ABVP এই দুই সংগঠনের সদস্যদের মধ্যে গতকাল সংঘর্ষে SFI-এর মালদা জেলা সম্পাদক কৌশিক মৈত্র গুরুতর আহত হন বলে অভিযোগ। তাঁকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। যদিও এই সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছে এবিভিপি।

*******************************

অচল হয়ে পড়ে থাকা বেহালা বিমানবন্দরে পুনরায় বিমান পরিষেবা চালু করতে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। নতুন দিল্লিতে গতকাল যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রী ডাঃ

ইন্দ্রনীল খাঁ কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী কে. রামমোহন নাইডুর সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠক করেন। বেহালা পশ্চিমের বিধায়ক ডক্টর খাঁ, এই বিমানবন্দরকে পুনরায় কার্যকর করার নানা সম্ভাবনা তুলে ধরেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও এটি পুনরায় চালু করার জন্য সম্প্রতি কেন্দ্রকে এক চিঠি দেন। গত ১৩ আগস্ট কেন্দ্রকে একটি চিঠি দিয়েছেন। ওই বিমানবন্দর থেকে দ্রুত পরিষেবা শুরু করার বিষয়ে কেন্দ্রের সহযোগিতা চান তিনি।

উল্লেখ্য, দক্ষিণ কলকাতার এই বিমানবন্দরটি দীর্ঘদিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। নগরবাসী, বিশেষ করে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বাসিন্দাদের সুবিধার্থে সেটি পুনরায় চালু করার এই উদ্যোগ।

******************************

আজকের প্রসঙ্গে আজ শুনবেন আলোচনা- নেশা মুক্ত ভারত। অধ্যাপক দেবাশীস চৌধুরী এবং স্বেচ্ছাসেবী সংগঠন প্রাজক-এর অধিকর্তা দীপ পুরকায়স্থর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব আজ শুনবেন রাত ৮’টায় গীতাঞ্জলি, DTH বাংলা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

******************************

সাধারণ মানুষের কাছে পেঁয়াজ ও চিনি কম দামে পৌঁছে দিতে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। কলকাতায় ৫০ টি ভ্রাম্যমান গাড়িতে গতকাল ৩৫ টাকা কিলো দরে পেঁয়াজ বিক্রি শুরু করেছে কৃষি বিপণন দপ্তর। এরপর জেলায় জেলায় এই ভ্রাম্যমাণ গাড়িতে করে পেঁয়াজ বিক্রি শুরু হবে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। পাশাপাশি, ভিন রাজ্য থেকে আরও বেশি পেঁয়াজ আনতে আজ, নাফেড-এর সঙ্গে বৈঠকে বসছেন দপ্তরের শীর্ষ অধিকর্তা। চিনির দাম কমাতে কলকাতার পোস্তায় কড়া নজরদারি চালানো হচ্ছে। চিনির কালোবাজারি রুখতে কলকাতা ও জেলার বাজারে চলছে টাস্ক ফোর্সের অভিযান। এর ফলে গত সপ্তাহের থেকে এ সপ্তাহে চিনির দাম কিলো প্রতি প্রায় ১০ টাকা কমেছে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

******************************

ক্রেতা সুরক্ষায় রাজ্য সরকার 'উপভোক্তা অধিকার সুরক্ষা' সপ্তাহ পালন করবে। উপভোক্তা বিষয়ক দপ্তরের উদ্যোগে আজ মধ্য কলকাতার হগ মার্কেটে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রাজ্যস্তরে সপ্তাহব্যাপী এই অনুষ্ঠানের সূচনা করবেন।

*******************************

রাজ্য তথ্য কমিশনে নতুন সদস্য নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে। এজন্য যোগ্য প্রার্থীদের বাছাই এবং নিয়োগের সুপারিশ করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে তিন সদস্যের উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দুই সদস্য হলেন বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এবং শিল্প, বাণিজ্য ও উদ্যোগ দফতরের মন্ত্রী তাপস রায়। নবান্ন সূত্রে জানা গেছে, তথ্য কমিশনের শূন্যপদ পূরণ এবং তথ্যের অধিকার আইনের আওতায় অভিযোগ ও আবেদন নিষ্পত্তির প্রক্রিয়াকে আরও গতিশীল করতেই এই নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। আবেদনপত্র যাচাইয়ের পর কমিটির সুপারিশের ভিত্তিতেই পরবর্তী নিয়োগ প্রক্রিয়া এগোবে।

উল্লেখ্য, রাজ্য তথ্য কমিশনার পদের জন্য বাইশ'টি আবেদনপত্র জমা পড়েছে বলে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে জানানো হয়েছে।

*******************************

রাজ্যে ক্রমবর্ধমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে কি পদক্ষেপ নেওয়া যায় সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে রাজ্য সরকার আজ এক বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে বিকেলে স্বাস্থ্যভবনে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে কলকাতা ও হাওড়ার পুর কমিশনারদের পাশাপাশি, স্বাস্থ্যমন্ত্রী, স্বাস্থ্যসচিব, দপ্তরের আধিকারিক, কলকাতা লাগোয়া একুশটি পুরসভার নির্বাহী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে পুর ও নগর উন্নয়ন, সেচ, পরিবহন ও রেল দপ্তরের আধিকারিকদেরও যোগ দিতে বলা হয়েছে।

উল্লেখ্য রাজ্যে চলতি বছরে এখনও পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৭ জনের মৃত্যু হয়েছে।

*******************************

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপটি কিছুটা সরে গিয়ে দক্ষিণবঙ্গের পশ্চিমাংশ এবং উত্তর ওড়িশা ও ঝাড়খণ্ডের ওপর অবস্থান করছে। অন্যদিকে সক্রিয় মৌসুমী অক্ষরেখা বিস্তৃত রয়েছে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত। এর প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ'ও বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হাবিবুর )

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। গতরাত থেকেই চলেছে দফায় দফায় বৃষ্টি। আলিপুরে আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে- ২১ মিলিমিটার।

এদিকে, গতকাল বিকেল থেকে টানা বৃষ্টিতে চরম দুর্ভোগে দক্ষিণ ২৪ পরগনার মানুষ। আজ'ও সকাল থেকে বৃষ্টি চলছে। সঙ্গে বইছে দমকা হাওয়া। সুন্দরবন এলাকায় বৃষ্টির পরিমাণ বেশি। টানা বর্ষণে জেলার বিভিন্ন নীচু এলাকা জলমগ্ন হয়ে পড়েছে।

*******************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে গৌরবোজ্জ্বল অধ্যায় আজাদ হিন্দ ফৌজ গঠনের বার্ষিকী উদযাপিত হচ্ছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ১৯৪২ সালের পয়লা সেপ্টেম্বর সিঙ্গাপুরে ক্যাপ্টেন মোহন সিং এর নেতৃত্বে প্রথম পর্যায়ে গঠিত হয় আজাদ হিন্দ ফৌজ।

*******************************

নদীয়ার মোহনপুরে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হবে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ৫৩-তম প্রতিষ্ঠা দিবস। কৃষি শিক্ষা গবেষণা ও উন্নয়নে বিশ্ববিদ্যালয়ের অবদান তুলে ধরতে আয়োজন করা হয়েছে প্রদর্শনীর।

***********************************************************************